# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৮. ৩. ৬. আহাবের বন্ধু, ইমাম ও শুভাকাঙ্ক্ষীদের হত্যা

“পরে যেহূ যিষ্রিয়েলে আহাবের বংশের বাকী লোকদের, তাঁর সমস্ত গণ্যমান্য লোকদের, তাঁর বিশেষ বন্ধুদের এবং তাঁর ইমামদের হত্যা করলেন। তাঁদের আর কেউ বেঁচে রইলেন না। এরপর যেহূ বের হয়ে সামেরিয়ার দিকে চললেন। পথে রাখালদের গ্রাম বৈৎ-একদে এহুদার বাদশাহ অহসিয়ের বংশের কয়েকজন লোকের সংগে তাঁর দেখা হল। তিনি তাদের জিজ্ঞাসা করলেন, ‘আপনারা কারা?’ তারা বলল, ‘আমরা অহসিয়ের বংশের লোক। আমরা রাণী ঈষেবলের সন্তানদের ও রাজ পরিবারের সবাইকে সালাম জানাতে এসেছি।’ তখন যেহূ হুকুম দিলেন, ‘ওদের জীবন্ত ধর।’ লোকেরা তাদের জীবন্তই ধরল এবং সেখানকার কূয়ার কাছে তাদেরকে হত্যা করল। তারা সংখ্যায় ছিল বিয়াল্লিশ জন। তাদের মধ্যে একজনকেও তিনি বাঁচিয়ে রাখলেন না। ... যেহূ সামেরিয়াতে এসে আহাবের বংশের বাদবাকী সব লোকদের হত্যা করলেন। মাবুদ ইলিয়াসকে যেমন বলেছিলেন সেই অনুসারেই যেহূ তাদের ধ্বংস করলেন।” (২ বাদশাহনামা ১০/১১-১৪, ১৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14648

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন